

দৈনিক ইককিলাব

তারিখ ... ..  
পৃষ্ঠা ৭ ... কলাম ২ ...

দৈনিক ইককিলাব

## দেশে প্রথম মহিলা বইমেলা উদ্বোধন

বাসস ৪ নারী জাতির মেধা ও জ্ঞানের বিকাশে সরকারী পদক্ষেপ গ্রহণের দৃঢ় অঙ্গীকারের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল রাজধানীতে দেশের প্রথম মহিলাদের বইমেলা উদ্বোধন করেন। নারীগ্রন্থ প্রবর্তনার উদ্যোগে সুলতানা কামাল ক্রীড়া কমপ্লেক্সে মাসব্যাপী এই বইমেলা চলবে। সদ্যপ্রয়াত কবি বেগম সুফিয়া কামালের উদ্দেশ্যে নিবেদিত এই বইমেলায় লেখিকাদের পাশাপাশি বিভিন্ন পেশাজীবী মহিলা, কৃষাণী ও শ্রমজীবী মহিলারা অংশ নেবেন।

বিশিষ্ট লেখক আজিজ ইব্রাহিমের সভাপতিত্বে অনুষ্ঠানে নারীগ্রন্থ প্রবর্তনার ফরিদা আকতারও বক্তৃতা করেন। বইমেলা প্রসঙ্গে বিশিষ্ট সাংবাদিক শিশু সংগঠক রোকনুজ্জামান খান দাদা ভাইয়ের মৃত্যু সংবাদ পৌঁছার সাথে সাথে আনন্দে উদ্বেল বইমেলা মুহূর্তে বিষাদে ভরে ওঠে। বিধগ্ন প্রধানমন্ত্রী অত্যন্ত সংক্ষেপে তাঁর উদ্বোধনী ভাষণ শেষ করেন। অনুষ্ঠানে দাদা ভাইয়ের স্ত্রী নূরজাহান বেগম সভাপতিত্ব করার কথা থাকলেও শবর পেয়ে তিনি দ্রুত সোহরাওয়ার্দী হাসপাতালে চলে যান।

প্রধানমন্ত্রী তাঁর সংক্ষিপ্ত ভাষণে বলেন, তাঁর সরকার ইতিমধ্যেই জাতীয় নারী উন্নয়ন নীতি ঘোষণা করেছে; যার আলোকে নারীর ক্ষমতায়নের লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হবে। ইতিমধ্যেই সারাদেশের বিভিন্ন ইউনিয়ন পরিষদের ১৪শ' মহিলা মেম্বার ও চেয়ারম্যান নির্বাচিত হয়েছে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, তারা সমাজের প্রগতি

৭-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## মহিলা বইমেলা

প্রথম পৃষ্ঠার পর এবং জাতীয় উন্নয়নের লক্ষ্যে কাজ করবে। প্রধানমন্ত্রী বলেন, নারী ও শিশু পাচার বন্ধসহ নারীদের বিরুদ্ধে সকল নিষ্ঠুরতা বন্ধের লক্ষ্যে প্রচলিত নারী ও শিশু নির্যাতন আইন পরিবর্তন করে সময়োপযোগী ও কার্যকর করা হবে। তিনি বলেন, সংশোধিত আইনে এসিউ নিষ্ক্ষেপ এবং এ ধরনের অন্যান্য হিংস্রতার শিকার হওয়া মহিলাদের ক্ষতিপূরণ দেয়ার ব্যবস্থা রাখা হবে। প্রধানমন্ত্রী মহিলাদের তাদের নিজেদের অধিকার এবং সুযোগ-সুবিধা সম্পর্কে সচেতন হওয়ার এবং এসব আদায়ে নিজেদের প্রস্তুত করে গড়ে তোলার আহ্বান জানান।

তিনি বলেন, পৃথিবীতে স্বেচ্ছায় কেউ কাউকে অধিকার দেয় না। আপনাদের নিজ যোগ্যতায় অধিকার আদায় করে নিতে হবে।

এর আগে প্রধানমন্ত্রী আনুষ্ঠানিকভাবে বইমেলা উদ্বোধন করেন। তিনি মেলার বিভিন্ন স্টল ঘুরে ঘুরে দেখেন এবং মহিলা সাহিত্যিক ও লেখিকাদের সঙ্গে আলাপ করেন। তিনি দেশের নারী সম্প্রদায়ের লেখা বিভিন্ন বইয়ের ব্যাপারে গভীর আগ্রহ ব্যক্ত করেন।

757677 7879 (8)